

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৬৩৬

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৪. প্রথম অনুচ্ছেদ - মাইয়্যিতের গোসল ও কাফন

بَابُ غُسْلِ الْمَيِّتِ وَتَكْفِيْنِه

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا كَفَّنَ أَحَدُكُمْ أَخَاهُ فليحسن كَفنه» . رَوَاهُ مُسلم

বাংলা

১৬৩৬-[৩] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা যখন তোমাদের কোন ভাইকে কাফন দিবে তখন উচিত হবে উত্তম কাফন দেয়া। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৯৪৩, আবূ দাউদ ৩১৪৮, আত্ তিরমিয়ী ৯৯৫, নাসায়ী ১৮৯৫, আহমাদ ১৪১৪৫, মুসতাদরাক লিল হাকিম ১৩৬৪, সুনানুল কুবরা লিল বায়হাকী ৬৬৯৪, শারহুস্ সুনাহ্ ১৪৭৮, সহীহ আল জামি' আস্ সগীর ৮৪৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম নাবাবী বলেন, উত্তম কাফন বলতে সাদা, কাফন ও পরিষ্কার-পরিচ্ছন্ন ও পুরু কাপড়। তুরবিশতী বলেনঃ হাদীসের অর্থ হল মুসলিম ব্যক্তি তাই মৃত্যু ভাইয়ের জন্য এমন কাফনের কাপড় পছন্দ করবে যা পরিপূর্ণ ও পরিষ্কার-পরিচ্ছন্ন আর উত্তম দ্বারা এমনটি উদ্দেশ্য না যেমনটি অপচয়কারীরা করে থাকে দামী কাপড় যা লোক দেখানো উদ্দেশ্য মূলত শারী আত পক্ষ হতে তা নিষিদ্ধ।

জাবির (রাঃ) উপরোল্লিখিত হাদীস মুসলিম ইমাম মুসলিম পূর্ণভাবে উল্লেখ করেছেন,

وَهُوَ أَنَّ النَّبِيُّ عَلَيْ خَطَبَ يَوْمًا، فَذَكَرَ رَجُلًا مِنْ أَصْحَابِهِ قُبِضَ فَكُفِّنَ فِيْ كَفَنٍ غَيْرِ طَائِلِ، وَقُبِرَ لَيْلًا، فَزَجَرَ النَّبِيُّ عَلَيْهِ، إِلَّا أَنْ يُضْطَرَّ إِنْسَانٌ إِلَى ذلِكَ، وَقَالَ النَّبِيُّ عَلِيْ: إِذَا كَفَّنَ أَحَدُكُمْ



أَخَاهُ، فَلْيُحَسِّنْ كَفَنَه. (رواه مسلم)

নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম খুৎবাহ্ প্রদান করেছিলেন, অতঃপর সাহাবীদের এক ব্যক্তি মারা গেছেন উল্লেখ করা হল এবং তার কাফনও হয়েছে খুব সাধারণভাবে তথা সাধারণ কাফনে এবং দাফন হয়েছে রাত্রিতে। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ সংবাদে ধমক দিয়েছেন রাত্রি দাফনের জন্য তবে যদি মানুষেরা অপারগ না হয়। অতঃপর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, তেমাদের কেউ যখন তার ভাই কাফন দিবে তা যেন উত্তমভাবে দেয়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন